

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী কিরেন রিজিজু সকাশে মন্ত্রী জেনারেল (অবসরপ্রাপ্ত) উইরান্টোর নেতৃত্বে ইন্দোনেশীয় প্রতিনিধি দল

নয়াদিল্লি, ১৫ মার্চ, ২০১৭

মঙ্গলবার নয়াদিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রী কিরেন রিজিজুর সঙ্গে ইন্দোনেশিয়ার রাজনৈতিক, আইন ও নিরাপত্তা বিষয়ক সমন্বয়কারী মন্ত্রী জেনারেল (অবসরপ্রাপ্ত) উইরান্টোর নেতৃত্বে একটি ইন্দোনেশীয় প্রতিনিধি দল কথা বলেছে। দুই দেশের মধ্যে বহু বিষয়ে সাজুয়ের প্রসঙ্গ যেমন বিশ্বের দুই বৃহত্তম মুসলিম জনসংখ্যার দেশ, গণতান্ত্রিক কাঠামো এবং অভিন্ন সাংস্কৃতিক ও সামাজিক বন্ধনের বিষয়গুলি উল্লেখ করে শ্রী রিজিজু বলেন, ভারত হল আসিয়ান ব্লকের সঙ্গে দক্ষিণ এশিয়ার এই বৃহত্তম দেশের অংশীদারিত্বকে মজবুত ও শক্তিশালী করার ক্ষেত্রে একটি সহজতর দেশ।

উভয় নেতাই মৌলবাদ, চরমপন্থার মোকাবিলা করা এবং নিয়মতান্ত্রিক ও আইএসআইএস-এর দিক থেকে হুমকির পরিপ্রেক্ষিতে উদ্বেগের বিষয়গুলি ভাগ করে নেন। বিগত বছরের আগস্ট মাসে সন্ত্রাসবাদ-বিরোধী আন্তর্জাতিক বৈঠক সূত্রে তাঁর বালি সফরের প্রসঙ্গ স্মৃতিচারণ করে শ্রী রিজিজু বলেন, ইন্দোনেশিয়া যেভাবে তার মাটিতে আইএসআইএস-এর হুমকির মোকাবিলা কার্যকরভাবে করতে পেরেছে তা তাঁকে অণুপ্রাণিত করেছে। উভয় মন্ত্রী সন্ত্রাসবাদবিরোধী বিষয়সমূহে তাদের সহযোগিতাকে গভীরতর করতে পারবেন বলে আশা ব্যক্ত করেন। এছাড়াও উভয় পক্ষ গোয়েন্দা বিষয়ক ও সাইবার নিরাপত্তার প্রসঙ্গগুলি ভাগ করে নিতে সম্পর্কের বন্ধনকে সম্প্রসারিত করতে ঐকান্তিক আগ্রহ প্রদর্শন করেছে।

শ্রী কিরেন রিজিজু উল্লেখ করেন যে ভারত আসিয়ান-এ ইন্দোনেশিয়ার মুখ্য ভূমিকাকে স্বীকৃতি জানায় এবং আঞ্চলিক শান্তি ও নিরাপত্তার ক্ষেত্রে দৃঢ় প্রতিশ্রুতির বিষয়ে প্রশংসা করে। উভয় মন্ত্রী নিরাপত্তা সহযোগিতার বিভিন্ন বিষয়ে এবং এই সূত্রে দ্বিপাক্ষিক সম্পর্ককে দৃঢ়তর করতে পারস্পরিক প্রতিশ্রুতির বিষয়ে ইতিবাচক আলোচনা করেন।